# Times Today BD

শরিফুল ইসলাম | ঢাকা | 19 April, 2025

গাজীপুরের চান্দনা চৌরাস্তায় ডিবি পুলিশ পরিচয়ে অস্ত্রের মুখে জিম্মি করে আর্থিক প্রতিষ্ঠান গাজীপুরে পয়েন্টে ডাকাতির ঘটনা ঘটেছে।এসময় প্রতিষ্ঠানের কর্মকর্তা, কর্মীদের মারধর করে প্রায় কোটি টাকা লুট করে করে নিয়ে যায় দুর্বৃত্তরা।পুলিশ ঘটনাস্থলে গিয়ে অপরাধীদের ধরার আশ্বাস দিয়ে গণমাধ্যম কর্মীদের বিষয়টি না জানানোর পরামর্শ দেন বলে অভিযোগ করেছেন নগদের কর্মকর্তারা।

পুলিশ ও মামলা সূত্রে জানা গেছে, গত ১৪ এপ্রিল  বিকাল পৌনে ৬ টার দিকে সময় চান্দনা চৌরাস্তায় রিয়াজ টাওয়ারের ৬ষ্ঠ তলায় নগদের  মাল্টি পয়েন্ট বিডি নামের ব্যবসা প্রতিষ্ঠানে ডিবি পুলিশ পরিচয়ে প্রবেশ করে।এসময় তারা প্রতিষ্ঠানে কর্মকর্তা ও কর্মীদের অস্ত্রের মুখে জিম্মি করে মারধর শুরু করে।এক পর্যায়ে প্রতিষ্ঠানের ভল্ট থেকে ৯৮ লাখ ১৮ হাজার টাকা লুট করে পালিয়ে যায়।ঘটনার পর জাতীয় জরুরি সেবা ৯৯৯ ফোন করা হলে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে।

শনিবার দুপুরে এ ব্যাপারে নগদ পয়েন্টের জেনারেল ম্যানেজার শাহ মোহাম্মদ একরামুল হক অভিযোগ করে বলেন, ডিবি পুলিশ পরিচয়ে ডাকাতরা প্রতিষ্ঠানের ৯৮ লাখ ১৮ হাজার টাকা লুট করেছে।এ ব্যাপারে মামলা দায়ের করা হলেও পুলিশ কাউকে গ্রেপ্তার করতে পারেনি। ঘটনার পর পুলিশ ঘটনাস্থল পরিদর্শনের সময় দ্রুত আসামিদের গ্রেপ্তারের আশ্বাস দিয়ে বিষয়টি গণমাধ্যম কর্মীদের না জানাতে আমাদের অনুরোধ করেন।

এ ব্যাপারে বাসন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. কায়সার আহমেদ বলেন, টাকা লুটের পর থেকে প্রতিষ্ঠানের সন্দেহভাজন এক সুপার ভাইজার পলাতক রয়েছে।ঘটনায় জড়িতদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।

গাজীপুর নগদ ডিবি পুলিশ টাকা লুট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:32

URL: https://www.timestodaybd.com/public/dhaka/7758071059